দৈনিক জনকণ্ঠ

তারিখ ... পৃঃ ... কলাম ...

# ঢাবি ক্যাম্পাসের ঘটনায় ৬ দিনেও কেউ গ্রেফতার হয়নি

**বিশ্ববিদ্যলয় রিপোর্টার ॥** বর্ষবরণের দিনে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নারীদের ওপর যৌন নিপীড়নের ঘটনায় এখন পর্যন্ত জড়িতদের কাউকেই গ্রেফতার করতে পারেনি পুলিশ। ঘটনার পর ছয়দিন অতিবাহিত হলেও কোন তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ করা হয়নি। এদিকে এই ঘটনার প্রতিবাদ জানিয়ে মঙ্গলবার দিনভর প্রতিবাদ কর্মসূচী পালন করেছে বিভিন্ন সংগঠন।

এদিন দুপুরে গ্রেফতার-বিচার, ঢাবি প্রক্টরের অপসারণ, দায়িত্বে অবহেলাকারী পুলিশের বিচারের দাবিসহ ৬ দফা দাবিতে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের কাছে স্মারকলিপি দিয়েছে ছাত্র ইউনিয়ন। সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি হাসান তারেকের নেতৃত্বে ৫ সদস্যের একটি প্রতিনিধি দল এ স্মারকলিপি দেন।

স্মারকলিপি জমা দিয়ে সংগঠনটির কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ল্যাকী আক্তার সাংবাদিকদের বলেন, আমরা ঘটনায় জড়িতদের শাস্তির দাবিতে সাত দিনের আলটিমেটাম দিয়েছিলাম। কিন্তু এর মধ্যেও কোন বিচার না হওয়ায় আমরা স্মারকলিপি দিয়েছি। স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আমাদের আশ্বস্ত করেছেন। আমরা আশা করছি তিনি এ ঘটনার উপযুক্ত বিচার করবেন। তিনি আরও বলেন, এরপরও কোন ব্যবস্থা না হলে আমরা বৃহত্তর আন্দোলন গড়ে তুলব। আজ আমরা এ জন্য মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন আহ্বান করেছি। এর আগে পূর্বঘোষিত সাত দিনের আলটিমেটাম শেষে সচিবালয়ে স্মারকলিপি দেয়ার জন্য প্রবেশের সময় পুলিশের বাধার সম্মুখীন হয় সংগঠনের নেতাকর্মীরা। এ সময় পুলিশের সঙ্গে ধস্তাধস্তিতে সংগঠনের ৩ নেতাকর্মী আহত হন।

এদিকে, এ ঘটনার প্রতিবাদে মঙ্গলবারও দোষীদের গ্রেফতার এবং প্রক্টরের পদত্যাগের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে বাংলাদেশ সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, সাম্রাজ্যবাদী ছাত্র ঐক্যসহ বিভিন্ন সংগঠন। এ সময় মিছিলে প্রক্টরবিরোধী স্লোগান দেয়া হয়। একই ঘটনায় জড়িতদের শাস্তি এবং বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের অপসারণের দাবিতে মঙ্গলবারও প্রতিবাদ কর্মসূচী অব্যাহত রেখেছে

## বিভিন্ন সংগঠনের প্রতিবাদ কর্মসূচী চলছে

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। মানববন্ধন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগ, নৃ-বিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা।

**সম্মিলিত সাংস্কৃতিক জোটের মানববন্ধন ॥** একই ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়ে মানববন্ধন করেছে দেশের সাংস্কৃতিক কর্মীরা। মঙ্গলবার বিকেল চারটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসির মূল ভবনের সামনে আয়োজিত এই মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে সম্মিলিত সাংস্কৃতিক জোট।